

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

নথি নম্বরঃ ৪৬.০৫.০০০০.৪৩৩.২৬.০৬৮.২৪ নথির বিষয়ঃ Cleaning and removing of grass at north-west side near lift pump area under PSTP.

নোটঃ ১ নোটের বিষয়ঃ Cleaning and removing of grass at north-west side near lift pump area under PSTP.

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১৪/১১/২৪ ১০:৪৫ পূর্বাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকার পয়ঃ সংগ্রহ করে দৈনিক ১২০ মিলিয়ন লিটার শোধন ক্ষমতাসম্পন্ন পাগলা পয়ঃ শোধনাগারের লেগুনে (পুকুর) এরোবিক/নন-এরোবিক প্রক্রিয়ার পয়ঃ শোধন করে ক্লোরিন সংযোগ করার পর ভূ-গর্ভস্থ ডিসচার্জ পাইপ লাইনের মাধ্যমে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হয়। উক্ত স্থাপনা হতে বর্তমানে লিফট পাম্প, স্রাজ পাম্প, আউটফল পাম্প, ৯.০ কিঃ মিঃ অভ্যন্তরীণ ও ৪টি প্রধান পয়ঃ লাইন ক্রিনিংসহ বিভিন্ন মডস্ জোন এর আওতাধীন ১৭ টি পয়ঃ উত্তোলন কেন্দ্র সহ নারিন্দা পয়ঃ পাম্পিং স্টেশনের যাবতীয় বৈদ্যুতিক ও যান্ত্রিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে ঢাকা মহানগরবাসীকে সুস্থভাবে পয়ঃ নিষ্কাশন সুবিধা প্রদান করা হয়ে থাকে। পাগলা পয়ঃ শোধনাগারের সর্বমোট জায়গার পরিমাণ প্রায় ২৫৩ (দুইশত তিপান্ন) একর। অত্র প্লটের অভ্যন্তরে লিফট পাম্প, স্রাজ পাম্প, গ্রাইয়ারি সেভিমেটেশন ট্যাংক, আউটফল পাম্প, ক্লোরিন পাম্প ও অফিস বিল্ডিং সহ বিভিন্ন ছোট বড় স্থাপনা রয়েছে। এছাড়া অত্র প্লটের অভ্যন্তরে ০৮ টি এ-টাইপ ও ০৮ টি বি-টাইপ ফ্যাকালটেটিভ লেগুন ও অনেক ফাঁকা জয়গা রয়েছে। অত্র প্লটের মাটি স্রাজ সমৃদ্ধ হওয়ায় এখানে দ্রুত বর্ধনশীল ঘাস ও আগাছা জন্মে ঘোঁপ জঙ্গলের সৃষ্টি করে। এতে করে অসংখ্য মশা,মাছি সহ বিভিন্ন ক্ষতিকর পোকামাকড় বংশবিস্তার করছে এবং ঘাস ও আগাছা দ্রুত বৃদ্ধি পাওয়ায় নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত জিফোরএস ও আনসার সদস্যদের রাত্রিবেলায় যথাযথভাবে টহল দিতে সমস্যা হচ্ছে। বর্তমানে অত্র প্লটের উত্তর-পশ্চিম কর্ণারের লিফট পাম্প সংলগ্ন এলাকায় দ্রুত বর্ধনশীল ঘাস ও আগাছা দক্ষ শ্রমিক নিয়োজিত করে পরিষ্কার করা জরুরী।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১৪/১১/২৪ ১০:৪৬ পূর্বাহ্ন

সেই আলোকে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে " Cleaning and removing of grass at north-west side near lift pump area under PSTP" শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হল (ক্রমিক নং-৪ দ্রঃ)। এতে সর্বমোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ২৪,৬৪০.০০ (চব্বিশ হাজার ছয়শত চল্লিশ) টাকা মাত্র। উক্ত কাজের ব্যয় পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের "পানি ও শোধনাগার (ও এন্ড এম)" খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-১১০; প্যাকেজ নং-E৪ (থোক বরাদ্দ) হতে নির্বাহ করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৫):


- ১। পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২০২৫ইং অর্থবছরের বাজেট বরাদ্দের কপি।
- ২। পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ৩। পূর্বানুমোদিত দরের কপি।
- ৪। প্রাক্কলন।
- ৫। প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৪/১১/২৪ ১০:৪৭ পূর্বাহ্ন

এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.১ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে " Cleaning and removing of grass at north-west side near lift pump area under PSTP" শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

- ক) কাজটি পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি অনুসারে সরাসরি নগদ ক্রয় এর মাধ্যমে সম্পাদনের অনুমোদন।
- খ) উপস্থাপিত দাপ্তরিক ২৪,৬৪০.০০ (চব্বিশ হাজার ছয়শত চল্লিশ) টাকা মাত্র প্রাক্কলনটির আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।
- গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের "পানি ও শোধনাগার (ও এন্ড এম)" খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।


উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

			
১৪/১১/২৪ ১১:৫৩ পূর্বাহ্ন মোঃ মামুনুর রহমান উপ-সহকারী প্রকৌশলী পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	১৪/১১/২৪ ১২:০৬ অপরাহ্ন মোঃ সাইফুল ইসলাম উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	১৬/১১/২৪ ১২:১৪ অপরাহ্ন মোঃ রাহাত শিকদার নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	১৬/১১/২৪ ৫:০৬ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

১৬/১১/২৪ ৫:০৬ অপরাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ১৭/১১/২৪ ৯:২৮ অপরাহ্ন

Okay

 ১৭/১১/২৪ ৯:২৯ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	 ১৭/১১/২৪ ১১:০৩ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	 ১৭/১১/২৪ ১১:০৩ অপরাহ্ন মোঃ রাহাত শিকদার নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
---	--	---

অনুচ্ছেদ ১.৪ - তারিখ: ১৮/১১/২৪ ১২:১৩ পূর্বাহ্ন

ব্যবস্থা নিন।

 ১৮/১১/২৪ ১২:১৩ পূর্বাহ্ন মোঃ রাহাত শিকদার নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	 ১৮/১১/২৪ ১২:১৩ পূর্বাহ্ন মোঃ মামুনুর রহমান উপ-সহকারী প্রকৌশলী পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
---	---